দর্শনায় চুরি মামলার আসামী মৃলহোতা জনিসহ গ্রেফতার ৭

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে চুরি মামলার মৃল হোতা আকন্দবাড়িয়ার জনিসহ ৭ জনকে গ্রেফতার করেছে।

জানায়ায় গতকাল মঙ্গলবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ মুহম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় বিভিন্ন গ্রামে। এ সময় দর্শনা থানার অফিসার ও ফোর্সসহ থানা এলাকার বিভিন্ন গ্রামে অভিযান পরিচালনা করে।

এসময় বিভিন্ন ধারার অন্তর্ভুক্ত আসামী পরাণপুর গ্রামে সন্ধা সাড়ে ৭ টার দিকে পরান গ্রামের পুকুরের পাশে বসে গল্প করার সময় পুলিশ তাদের ৪ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলো মিজানুর রহমানের ছেলে আব্দুলাহ ওরফে টুইজ (২২), জয়নাল আবেদীনের ছেলে ফিরোজ (১৮), গোলাম মিয়ার ছেলে সাইদুর রহমান সাঈদ (২৫), আবু বক্করের ছেলে মোঃ সেলিম হোসেন (৪২), আকুন্দবাড়ীয়া গ্রামের আক্তারুল ইসলামের ছেলে ইন্তাদুল (৩৫), শান্তি পাড়ার পর্বত মিয়ার ছেলে মোহন (২৫) ও আকন্দবাড়ীয়া গ্রামের আঃ রহমানের ছেলে চিহুত চোর ও আলোচিত মাদক ব্যাবসায়ী মাহাবুবুর রহমান জনি (৩৫) কে গ্রেফতার করে।

পরে গ্রেফতারকৃতদের কে চুয়াডাঙ্গার আদালতে সোপর্দ করলে বিজ্ঞ আদালত তাদের জেল হাজতে প্রেরণ করে।

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আয়োজনে বিক্ষোভ মিছিল

ভারতের আগরতলা বাংলাদেশের সহকারী হাইকমিশনে ভারতীয় হিন্দু সংঘ সমিতির হামলা ও জাতীয় পতাকা অবমাননার প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলার দর্শনা সরকারি কলেজে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত

হয়েছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের উদ্যোগে এই বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফজলুর রহমান, সদস্য সচিব পলাশ আহমেদ, সিনিয়ার যুগ্ম আহ্বায়ক মোফাজ্জেল হোসেন মুফা, যুগ্ম আহ্বায়ক হোসাইন, যুগ্ম আহ্বায়ক শাফায়েত জামিল পাপ্পু, যুগ্ম আহ্বায়ক আসিফ হাসান, যুগ্ম আহ্বায়ক রাজু আহমেদ, যুগ্ম আহ্বায়ক আব্বাস উদ্দিন, এক নম্বর সদস্য হাসান আলী, শেখর শাওন, ফয়সাল সহ ডিপার্টমেন্ট নেতৃবৃন্দ মাহফুজুর রহমান মাফুজ, রায়হান উদ্দিন, আমিন হাসান, ইমন, মোস্তাফিজুর রহমান সাইফ, ইব্রাহিম, সাকিব, সজীব, আবিদ সহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

একটা বয়স্ক ভাতা হতে পারে জীবনের চলার পথে বড় সম্বল

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মখোলাপাড়ার মৃত রমজানের স্ত্রী ৭০ বছরের বৃদ্ধা অসহায় বিধবা আকলিমা খাতুনের একটি বয়স্ক ভাতা হতে পারে তার জীবনের বেঁচে থাকার বাকি বছর গুলোর শেষ সম্বল।

জানা গেছে, পীরপুরকুল্লা গ্রামের আকলিমা খাতুনের স্বামী ৪৫ বছর পূর্বে মারা গেছেন। তখন তার এক মেয়ে ও কোলে এক শিশু ছেলে ছিলো। অনেক কষ্ট করে ছেলে মেয়ে মানুষ করে বিয়ে দিয়েছেন। ছেলে এখন নাতি নাতনির নানা দাদা হয়ে গেছে। আকলিমা আক্ষেপের সুরে বলেন আমার শিশু সন্তান যখন কোলে তখন আমার স্বামী মারা যায়। সেই থেকে আজ অবধি একটা বিধবা ভাতা ও বয়স্কভাতার কার্ড কপালে জুটলো না। ছেলের ছেলে মেয়ের বিয়ে হয়ে গেছে। তারা কষ্ট করে আমার ছেলের বউ বাপের বাড়ি থেকে জমি বিক্রি করে এনে তাদের ঘর করে দিয়েছে। মানুষ আসলে আমার ছেলের ঘর দেখে। বলে পাকা বাড়ি। আমার তো প্রতিমাসে তিন চার হাজার টাকার ওষুধ লাগে।ছেলের বাড়ি তিনবেলা ভাত খাই। মেয়ের বাড়ি গিয়ে

থাকি। তারা ভাত কাপড় দিলেও আমার ওষুধ খরচ তো তারা দিতে পারেনা। সে সামর্থ তাদের নেই।তাদের যা আয় তাই দিয়ে সংসার চলে। এ বয়সে যদি একটা বিধবা বা বয়স্ক ভাতা কার্ড হতো তবুও তা দিয়ে যা পেতাম। কোনরকম বাকি জীবনটা ওষুধ কিনে খেয়ে চলতে পারতাম।

স্থানীয় অনেকে নাম না প্রকাশ করার শর্তে বলেন বৃদ্ধা আকলিমা খুব কষ্ট করে জীবন পার করেছেন। এখনো করছেন। তার একটি বয়স্ক কিংবা বিধবা ভাতা কার্ড হলে সে খুবই উপকৃত হতো। বৃদ্ধা আকলিমার একটি বয়স্ক ভাতা কার্ডের ব্যাবস্থা করতে দামুড়হুদা উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সহ দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক ও কর্মচারী নিবার্চনকে ঘিরে পৃথক ভাবে কর্মী সমাবেশ

দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক ও কর্মচারী নিবার্চনকে ঘিরে পৃথকভাবে নিবার্চনী হাওয়া বইতে শুরু করেছে। চলছে দল বদলের পালা।

আজ মঙ্গলবার সন্ধায় কেরুজ শ্রমিক ও কর্মচারী নিবার্চনে সভাপতি পদপ্রাথী বর্তমান সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ ও তৈয়ব আলী সংগঠনের পৃথক দুইটি শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আগামী ফেব্রয়ারী মাসে নিবার্চনকে সামনে রেখে এ শ্রমিক সমাবেশ। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বর্তমান সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন সবুজ সংগঠনকে হুমকি-ধামকি দিয়ে বিজয় ঠেকাতে পারবে না কেউ।

এছাড়া শ্রমিকদের মধ্যে আরো বক্তব্য শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মফিজুল ইসলাম ও রেজাউল করিম, সহ-সাধারণ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, আব্দুর রাজ্জাক, মিরাজুল ইসলাম, ইউনিয়নের সদস্য কামরুল হাসান। এছাড়া লোমান, মানিক হোসেন।

কর্মী সমাবেশে কোরান তেলোয়াত ও দোয়া পাঠ করেন কেরুজ জামে

মসজিদের মুয়াজ্জিম নেছার উদ্দিন। সমাবেশ পরিচালনায় ছিলেন হারিজুল ইসলাম ও সার্বিক তত্তাবধায়নে ছিলেন, রাসেল উদ্দিন টগর।

এদিকে তৈয়ব সংগঠনের তৈয়ব আলী সমাবেশে বক্তব্য রাখেতে গিয়ে শ্রমিকদের উদ্যোশে বলেন, এখানে যারা উপস্থিত আছেন আজ থেকে আমরা এক একজন তৈয়ব আলী হয়ে শ্রমিকদের মন জয় করে কেরুজ শ্রমিক ইউনিয়নে তৈয়ব আলীর বিজয় পতাকা উড়াতে হবে। আমারা আমাদের কাজ ও ভালবাসা দিয়ে শ্রমিকদের কাছে নেবো এবং সংগঠন শক্তিশালী করবো এ শপত নিয়ে সামনে বিজয় ছিনিয়ে আনতে কাজ করে যাবো। এসময় আরো উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সাবেক সভাপতি হাফিজুল ইসলাম, আব্বাছ আলী, জাহিদুল ইসলাম,ওমর ফারুক প্রমুখ। সমাবেশ পরিচালনা করেন, মনিরুল ইসলাম।

দর্শনা জনতা ব্যাংক পিএলসি শাখার এটি এম বুথের শুভ উদ্বোধন

দর্শনা জনতা ব্যাংক পি এল সি শাখার এটি এম বুথের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১টায় দর্শনা মুজিবনগর সড়কের কেরুজ নিমার্নাধীন মার্কেটের সামনে এ এটি এম বুথের শুভ উদ্বোধন করা হয়।

জনতা ব্যাংক গ্রাহকদের আধুনিক সেবা নিশ্চিত করতে পিএলসি দর্শনা শাখায় এ ধরনের আয়োজন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থেকে এটিএম বুথের উদ্বোধন করেন খুলনা জিএম ইনচার্জ আবুল কালাম আজাদ।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, খুলনা পিএলসি বিভাগীয় কার্যালয়ের ডিজিএম অভিমন্যু কুমার মন্ডল, জনতা ব্যাংক চুয়াডাঙ্গা এরিয়া ইনচার্জ আশরাফুজ্জামান ও দর্শনা জনতা ব্যাংক শাখা ব্যবস্থাপক মোঃ ফুয়াদ হাসান। এছাড়া দর্শনা জনতা ব্যাংকের সকল পযার্য়ের কর্মকতার্ ও কর্মচারীগণ।

আলমডাঙ্গায় হত্যার হুমকি প্রদানের প্রতিবাদে প্রবাসীর সংবাদ সম্মেলন

আলমডাঙ্গার পোলতাডাঙ্গায় জমি দখলের জন্য এক প্রবাসীকে হত্যার হুমকি দেবার অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে আবুল কাশেম নামের ওই প্রবাসী এ সংবাদ সম্মেলন করেন।

লিখিত ওই সংবাদ সম্মেলনে ভুক্তভোগী আবুল হোসেন উল্লেখ করেন, উপজেলার পোলতাডাঙ্গা গ্রামের মৃত ওসমান গণির ছেলে আজমেদ আলী ও তার পিতা ওসমান গণির সাথে তার জায়গা জমি নিয়ে পূর্ব বিরোধ রয়েছে। ওই জমি নিয়ে তাদের সাথে স্থানীয়ভাবে মীমাংসার চেষ্টা করা হলেও তারা কোন কর্ণপাত করেনি।

ভুক্তভোগী আবুল হোসেন দীর্ঘদিন সৌদি আরব থেকে (২৫ নভেম্বর) দেশে আসেন। ওই জমির বিরোধ মীমাংসার জন্য প্রস্তাব দেন। গত ২ ডিসেম্বর রাত ৮ টার দিকে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে পোলতাডাঙ্গা গ্রামে মীমাংসার জন্য সালিশে বসেন। একপর্যায়ে অভিযুক্ত আমজেদ আলী ও তার পিতা ওসমান আলীকে কাগজপত্র দেখাতে বললে তারা কোন কাগজপত্র না দেখিয়ে তার (আবুল কাশেম) জমি দিবে না বলে হুমকি দিতে থাকে। তার (আবুল কাশেম) জমির মধ্যে তাদের জমি রয়েছে বলে দাবি করলে তিনি (আবুল কাশেম) প্রতিবাদ করেন। সে সময় আমজেদ আলী দেশীয় ধারালো অস্ত্র রামদা দিয়ে তাকে (আবুল কাশেমকে) আঘাত করতে তেড়ে যান। স্থানীয়রা তার (আমজাদ আলীর) নিকট থেকে রামদাটি কেড়ে নেয়। সে সময় আমজাদ আলী অজ্ঞাত ব্যক্তিকে মোবাইল ফোনে পিস্তল আনতে বলে এবং হত্যার হুমকি দেয়। প্রয়োজনে তাকে (আবুল কাশেমকে) হত্যা করে জমি দখল করে নেবার হুমকি দেন। এছাড়া তার (আবুল কাশেমের) বাড়ি নির্মাণের আগে সে (আমজাদ) চাঁদা দাবি করেছিল, চাঁদা না দিলে বাড়ি নির্মাণ করতে দিবে না বলেও হুমকি দেয়।

এমতাবস্থায়, সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রশাসনের দৃষ্টি আকর্ষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেবার দাবি জানান আবুল কাশেম।

দর্শনা সীমান্তে বিএসএফের মাধ্যমে ভারতীয় নাগরিকের লাশ হস্তান্তর

চুয়াডাঙ্গার দর্শনায় জয়নগর সীমান্তে বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে অজাত মন্ডল নামের ভারতীয় এক নাগরিকের লাশ হস্তান্তর করা হয়েছে।

আজ মঙ্গলবার (০৩ ডিসেম্বর) সকাল ১০ টার দিকে দর্শনা পৌর এলাকার জয়নগর সীমান্তের ভারত-বাংলাদেশ শূন্য রেখায় ৭৬ নং মেইন পিলারের অদূরে এ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

নিহত অজাত মন্ডল ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চাপড়া থানার পদ্মমালা গ্রামের মৃত ইমান মন্ডলের ছেলে। তার পাসপোর্ট নম্বর R5890230।

জানাগেছে, অজাত মন্ডল তার স্ত্রী আবেদা মন্ডলকে নিয়ে গত ১৯ নভেম্বর বাংলাদেশের দর্শনা ইমিগ্রেশন চেকপোস্ট হয়ে বাংলাদেশের মেহেরপুর জেলার মুজিবনগরে আত্মীয়ের বাসায় বেড়াতে আসেন। পরে গত ২৯ নভেম্বর রাত পৌনে ২ টার দিকে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এরপর দু’দেশের প্রসেসিং করে আজ মঙ্গলবার সকাল ১০ টার দিকে দর্শনার জয়নগর সীমান্তে বাংলাদেশ-ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি-বিএসএফ ও ইমিগ্রেশন পুলিশ, থানা পুলিশ এবং কাস্টমস কর্মকর্তাদের উপস্থিতিতে নিহত অজাত মন্ডলের পরিবারের কাছে লাশ হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

“অন্তর্ভুক্তিমূলক টেকসই ভবিষ্যৎ বিনির্মাণ, বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগণ” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল এগারোটার সময় দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা জেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় এসে শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে আলোচনার সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন চুয়াডাঙ্গার সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক দৃষ্টি প্রতিবন্ধী আব্দুল করিম। স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলার প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা আনোয়ারুল ইসলাম। প্রতিবন্ধীদের মধ্যে বক্তব্য রাখেন মিম্মা সুলতানা ও প্রত্যাশা সমাজিক উন্নয়ন সংস্থার সমন্বয়কারী মোহাম্মদ ইউনুস আলী।

এ সময় সভাপতির বক্তব্য চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন আমাদের মানসিক পরিচর্যা দরকার। দৃষ্টিভঙ্গির প্রতিবন্ধকতা দূর করতে না পারলে উন্নয়নকে অর্থবহ করে তুলতে পারবো না। কাউকে পিছনে রেখে সামনে এগোনো যাবে না

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বিপিএম-সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সরকারি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের ফিজিওথেরাপি এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগের কনসালটেন্ট ও বিভাগীয় প্রধান ডা.নূর আলম আকাশ। আলোচনা সভা শেষ

চুয়াডাঙ্গা প্রতিবন্ধী সেবা সাহায্য কেন্দ্রের মাধ্যমে ১৬ জন প্রতিবন্ধীকে বিনামূল্যে ১৬ টি হুইলচেয়ার প্রদান করা হয় ও একজনকে কর্ণার চেয়ার উপহার দেওয়া হয়। জেলা সমাজ সেবা কার্যালয়ের মাধ্যমে স্ট্রোক, কিডনি ও জন্মগত হৃদরোগ রোগীদের মধ্যে ২০ জনকে ৫০ হাজার টাকা করে চিকিৎসার জন্য অনুদানের চেক প্রদান করা হয়। উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন জেলা প্রশাসন, পুলিশ ও জেলা সমাজসেবার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় কারিতাসের উদ্যোগে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস পালিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে কারি তাস বাংলাদেশ SDDB প্রকল্পের আয়োজনে ২০২৪ পালিত হয়েছে।

অন্তর্ভূক্তিমূলক টেকসই ভবিষ্যৎ বির্নিমান বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগন এ স্লোগানকে সামনে রেখে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস -২০২৪ পালিত হয়।

দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠান শেষে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরন, ছাগল ও গাড়লভেড়া বিতরন, শিক্ষা উপকরন প্রদান করা হয়।

অনুষ্ঠানে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ:করিম বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান।

প্রধান অতিথি বলেন, প্রতিবন্ধীরা সমাজের বোঝা নই। তারা আমাদের আপনজন। এ সমাজে তাদের সমান অধিকার। যে কোন প্রয়োজনে তাদের পাশে থাকার আশাবাদ ব্যাক্ত করেন তিনি।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এ এস আই সাইদুর রহমান, এসডিডি প্রকল্পের কার্পাসডাঙ্গা উন্নয়ন কমিটির সভাপতি সুদিন সরকার, আলাউদ্দীন মাস্টার, আনসার আলী, আহসান, কিতাব।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিডি প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।” নারী কন্যার সুরক্ষা করি, সহিংসতা মুক্ত বিশ্ব গড়ি ” স্লোগানক সামনে রেখে আজ সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কার্যালয়ের যৌথ আয়োজনে প্রথমে উপজেলা চত্বর থেকে র্যালী বের হয়, পরবর্তীতে র্যালী শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, এসময় তিনি বলেন নারীরা হলো মায়ের জাতি, প্রতিটি মা তার সন্তানকে ভালোবাসে এবং একজন আদর্শবান মানুষ হিসেবে তার সন্তানকে দেখতে চাই। একজন নারী তার সন্তানের প্রথম শিক্ষক, আমরা যারা সবল তারা কখনই দুর্বলদের ওপর নির্যাতন করবো না, আমি যদি নিজে সচেতন হয়ে নিজেকে সঠিকভাবে গড়ে তুলতে পারি তাহলে অবশ্যই পরবর্তী জেনারেশন সুন্দরভাবে গড়ে উঠবে। এ সময় তিনি কবি নজরুল ইসলামের লেখার উদ্ধৃতি দিয়ে বলেন এ বিশ্বে যা কিছু সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এই অনুষ্ঠান করার মূল উদ্দেশ্য হলো সমাজে নারীরা কিভাবে বা কী

কারণে নির্যাতনের শিকার হচ্ছে সেগুলো চিহ্নিত করে সমাধানকল্পে উদ্বুদ্ধ করা। তিনি আরো বলেন বর্তমান সমাজে প্রচলিত আছে পুরুষরাই নারীদের নির্যাতন করে এটা ঠিক না নারীরাও নারীদের নির্যাতন করে যেমন প্রতিটি পরিবারই কম বা বেশি তার উদাহরণ। নারীরাও নারীদের মাধ্যমে মানসিক ও শারীরিকভাবে নির্যাতিত হয় থাকে সেটা কোনভাবে কাম্য নয়, এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে ছোটখাটো ভুল ত্রুটি গুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে আলোচনা সাপেক্ষে সমাধান করতে হবে। নারী এবং পুরুষ সবাইকে সমতার দৃষ্টিতে দেখে সুন্দরভাবে সমাজ গড়ে তুলতে হবে। বাল্যবিবাহ কাম্য নয় এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে। সমাজে যারা আমরা সবল আছি মহানুভবতার দৃষ্টিকোণ থেকে দুর্বলদের সাহায্যের জন্য আমাদেরকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত নারীদের উদ্দেশ্যে তিনি বলেন এ অনুষ্ঠানে অংশগ্রহণ করে আপনারা সচেতন হবেন এবং আমার আপনার সমাজের প্রতিটি মানুষকে নির্যাতন সম্পর্কে সচেতন করবেন। আমাদের সরকারিভাবে হট লাইন নাম্বার আছে এবং প্রতিটি উপজেলায় মহিলা বিষয়ক কার্যালয় রয়েছে আপনারা যোগাযোগ করবেন আমরা সব সময় আপনাদের পাশে থাকব।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মচারীবৃন্দ ও বিভিন্ন ইউনিয়ন থেকে আগত নারী সদস্য বৃন্দরা।